"রেজুলেশন"

ডেংগু জ্বর প্রতিরোধে চিকিৎসা সামগ্রীর বাজার ব্যবস্থাপনা তদারকি, ঔষধের ন্যায্য মূল্য নিশ্চিতকরণ এবং রোগীদের স্বাস্থ্য সেবা ও মেডিকেল প্রাইভেসি নিশ্চিতকরণ বিষয়ক সভার কার্য বিবরণীঃ

সভাপতি ঃ ডাঃ মোঃ শামীম কবির, সিভিল সার্জন, মাগুরা

স্থান ঃ কনফারেন্স রুম, সিভিল সার্জন অফিস, মাগুরা

তারিখ ও সময়ঃ ১৮/০৯/২০২৩ খ্রিঃ, সময়ঃ সকাল ১০-০০ ঘটিকা

দেশব্যাপী ডেংগু জ্বর ছড়িয়ে পড়ায় ডেংগু জ্বর আক্রান্ত রোগীদের চিকিৎসা সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে চিকিৎসা সামগ্রীর বাজার ব্যবস্থাপনা তদারকি, ঔষধের ন্যায্য মূল্য নিশ্চিতকরণ এবং রোগীদের স্বাস্থ্য সেবা ও মেডিকেল প্রাইভেসি নিশ্চিতকরণ বিষয়ক সভার প্রারম্ভে অদ্যকার সভার সভাপতি মহোদয় ডাঃ মোঃ শামীম কবির, সিভিল সার্জন, মাগুরা সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানান এবং সভার কাজ শুরু করেন। সভায় উপস্থিত সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষন, মাগুরা, বাংলাদেশ কেমিস্ট এন্ড ড্রাগিস্ট সমিতির সভাপতি/সেক্রেটারী ও দোকান মালিকগণ, ফার্মাসিউটিক্যালস রিপ্রেজেন্টেটিভ এসোসিয়েশন, মাগুরার প্রতিনিধিদল, সভাপতি/সেক্রেটারী, প্রেস ক্লাব, মাগুরা, সভাপতি/সেক্রেটারী, প্রাইভেট প্রাকটিশনার সমিতি, মাগুরা এবং উপস্থিত অন্যান্য সদস্যবৃন্দ তাদের দিক নির্দেশনামূলক মূল্যবান বক্তব্য প্রদান করেন। ডেংগু জ্বর প্রতিরোধে এবং স্বাস্থ্য সেবার মান উন্নয়নে, সভায় উপস্থিত সদস্যদের মূল্যবান বক্তব্য, মতামত ও দিক নির্দেশনার আলোকে নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হ'ল।

আলোচনা ও সিদ্ধান্ত সমূহঃ-

| আলোচিত বিষয় | গৃহীত সিদ্ধান্ত | কার্যক্রম বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| চিকিৎসা সামগ্রীর বাজার ব্যবস্থাপনা তদারকি ও ন্যায্য মূল্য নিশ্চিতকরণ | দেশব্যাপী ডেংগু জ্বর ছড়িয়ে পড়ায় ডেংগু জ্বর আক্রান্ত রোগীদের চিকিৎসা সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে নিয়মিতভাবে চিকিৎসা সামগ্রীর বাজার ব্যবস্থাপনা তদারকির নিমিত্তে এবং ঔষধের ন্যায্য মূল্য নিশ্চিতকরণের লক্ষ্যে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হ'ল এবং নিয়মিভাবে বাজার দর মনিটরিং-এর সিদ্ধান্ত গ্রহণ করা হ'ল। | (১) সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষন, মাগুরা।<br>(২) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, সদর, মাগুরা<br>(৩) মেডিকেল অফিসার, সিভিল সার্জন অফিস, মাগুরা। |
| মেডিকেল প্রাইভেসি নিশ্চিতকরণ | সম্প্রতি মাগুরা জেলায় বেসরকারী ঔষধ কোম্পানির প্রতিনিধিগণ হাসপাতাল, ক্লিনিক ও ডক্টর চেম্বারের সামনে উপস্থিত হয়ে রোগীদের বিনানুমতিতে তাদের নিকট হতে প্রেসক্রিপশন নিয়ে ছবি তুলছেন। অনুমতি ব্যতীত কোন ব্যক্তির প্রেসক্রিপশন দেখা বা ছবি তোলা সংশ্লিষ্ট ব্যক্তির মেডিকেল প্রাইভেসির লংঘনের সামিল। বিধায় রোগীদের মেডিকেল প্রাইভেসি নিশ্চিদকরণের লক্ষ্যে এধণের কার্যক্রম বন্ধ করার জন্য ০৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হ'ল এবং নিয়মিত পর্যবেক্ষণের সিদ্ধান্ত গৃহীত হ'ল। | (১)আবাসিক মেডিকেল অফিসার, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, মাগুরা<br>(২) মেডিকেল অফিসার, সিভিল সার্জন অফিস, মাগুরা<br>(৩) ইনচার্জ (পুলিশ গার্ড), ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, মাগুরা। |

**<u>সুপারিশ সমূহঃ</u>** অদ্যকার সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য রেজুলেশনে উল্লেখিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে নিম্নস্বাক্ষরকারীর সাথে আলোচনা স্বাপেক্ষে বিধি মোতাবেক নিয়মিত কার্যক্রম পরিচালনার জন্য বলা হ'ল।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আন্তরিকতার সাথে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ডাঃ মোঃ শামীম কবির)
সিভিল সার্জন, মাগুরা।

স্মারক নং-সিএস/মাগুরা/শা-১/২০২৩/ ৩৮৮/২০

তারিখঃ ১৮/০৯/২০২৩ ইং।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'লঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পরিচালক (স্বাস্থ্য), খুলনা বিভাগ, খুলনা।
২। জেলা প্রশাসক, মাগুরা।
৩। পুলিশ সুপারি, মাগুরা।
৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সদর/শালিখা/শ্রীপুর/মহম্মদপুর, মাগুরা।
৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর/শালিখা/শ্রীপুর/মহম্মদপুর, মাগুরা।
৬। সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ, মাগুরা।
৭। ড্রাগ সুপার, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মাগুরা/ঝিনাইদহ।
৮। সভাপতি/সম্পাদক, বিএমএ, মাগুরা।
৯। সভাপতি/সম্পাদক, বাংলাদেশ কেমিস্ট এন্ড ড্রাগিস্টস সমিতি, মাগুরা।
১০। ফার্মাসিউটিক্যাল রিপ্রেজেন্টেটিভ এসোসিয়েশন, মাগুরা।
১১। সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, মাগুরা।
১২। সভাপতি/সম্পাদক, প্রাইভেট প্রাকটিশনার সমিতি, মাগুরা।
১৩। অফিস নথি।

সিভিল সার্জন, মাগুরা।

১৮/৯/২৩